

## চবিতে অনলাইনে ভর্তি আবেদন শুরু

চবি প্রতিনিধি

৯ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ৯ সেপ্টেম্বর ২০১৯ ০০:১৭



স্বাধীনতা সঙ্গীত  
আমাদের সময়

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) স্নাতক প্রথম বর্ষের (২০১৯-২০ শিক্ষাবর্ষ) ভর্তি পরীক্ষার আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে। গতবারের মতো এবারও সম্পূর্ণ নিজস্ব অটোমেশন পদ্ধতিতে অনলাইন ভর্তি কার্যক্রম চলবে। শিক্ষার্থীরা ৩০ সেপ্টেম্বর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত ভর্তির আবেদন করতে পারবেন। আবেদন ফি জমা দেওয়া যাবে ১ অক্টোবর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত।

পরীক্ষার আবেদন ফি ৪৭৫ টাকা বিকাশ, রকেট ও শিওর ক্যাশের মাধ্যমে জমা দিতে হবে। প্রসেসিং ফি বাবদ দিতে হবে আরও ৭৫ টাকা। সব মিলিয়ে একজন শিক্ষার্থীর ইউনিটপ্রতি আবেদনে খরচ হবে ৫৫০ টাকা।

বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, চারটি ইউনিট ও দুটি উপ-ইউনিটের মাধ্যমে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে। যেখানে ৯টি অনুষদের অধীনে রয়েছে ৪৮টি বিভাগ ও ৫টি ইনস্টিটিউট। এতে ৪১৮৯টি সাধারণ ও ৭৩৭টি কোটাসহ সর্বমোট ৪৯২৬টি আসন রয়েছে। গতকাল রবিবার সকালে বিশ্ববিদ্যালয়ের আইটি ভবনে অবস্থিত ভার্সুয়াল ক্লাসরুমে অনলাইনে ভর্তি

কার্যক্রম ও ভর্তি আবেদন প্রক্রিয়া উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের চলতি দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. শিরীন আখতার। advertisement